# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**14 SEPTEMBER 2026** **7:45—7:55PM**

---

১) মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার অধ্যক্ষতায় যোরহাটে দুদিনব্যাপী আয়োজিত জেলা আয়ুক্তদের সম্মেলনে রাজ্যের প্রশাসন ব্যবস্থা অধিক জনমুখী করা এবং তৃণমূল পর্যায়ে জনসেবা অধিক উন্নত করার ওপর গুরুত্ব আরোপ ।

২) শিলচর পৌরনিগম নির্বাচনের মনোনয়নপত্র পরীক্ষা সম্পন্ন ।

৩) সমগ্র দেশের সঙ্গে রাজ্যের বিভিন্ন প্রান্তেও আজ হিন্দী দিবস উদযাপন ।

এবং

৪) স্বচ্ছতা হী সেবা -- ২০২৬ অভিযানকে সফল করে তুলতে আজ হাইলাকান্দি ও শ্রীভূমি জেলা প্রশাসনের পর্যালোচনা সভা ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের প্রশাসন ব্যাবস্থাকে অধিক জনমূখী ও ফলপ্রসূ করা সহ তৃণমূল পর্যায়ে জনসেবা অধিক উন্নত করার বিভিন্ন দিক সম্পর্কে আজ মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার অধ্যক্ষতায় যোরহাটে দুদিনব্যাপী অনুষ্ঠিত জেলা আয়ুক্তদের সম্মেলনের আজ দ্বিতীয় তথা শেষ দিনে আলোচনা অনুষ্ঠিত হয় । সেইসঙ্গে রাজ্যের বিভিন্ন জেলার সম উন্নয়ন, প্রশাসনিক বিষয় সহ বেশকয়েকটি গুরুত্বপূর্ন বিষয়েও আলোচনা চলছে । এই সম্মেলনের বিভিন্ন কার্যসূচীতে মন্ত্রী অতুল বরা ,অজন্ত নেওগ , ডা:রণোজ পেগু ও রামেশ্বর তেলী সহ বেশকয়েকজন মন্ত্রী অংশগ্রহণ করেন ।

এই সম্মেলনের কার্যসূচী সকাল ১১ টায় আরম্ভ হয়েছে এবং রাত ১১ টায় শেষ হবে বলে আমাদের যোরহাটের সংবাদদাতা জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষা খন্ডে সর্ববৃহৎ বিনিয়োগের মাধ্যমে এ পর্যন্ত এক হাজার ১০০ টি নতুন বিদ্যালয় ভবন নির্মাণ বিভিন্ন পর্যায়ে সম্পন্ন হয়েছে । স্বাধীনতার পরবর্তী সময়ে এটি অত্যন্ত ইতিবাচক পদক্ষেপ বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা মন্তব্য করেছেন ।গতকাল যোরহাটে এক অনুষ্ঠানে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী একথা বলেন ।এই বিদ্যালয় সমুহ নির্মাণ করার জন্য রাজ্য সরকার ৫ হাজার কোটি টাকা ব্যয় করেছে বলে উল্লেখ করে পরবর্তী পাঁচ বছরে রাজ্য সরকার বছরে ১০০ টি করে নতুন বিদ্যালয় ভবন নির্মাণ করবে বলে তিনি জানান ।

--------------------------------------------------------------------------------

শিলচর পৌরনিগম নির্বাচনের মনোনয়ন পত্র সমুহ আজ পরীক্ষা করা হয়েছে । শিলচর সরকারী উচ্চতর বালক বিদ্যালয়ে আজ ৪২ টি ওয়ার্ডের মনোনয়নপত্র পরীক্ষা করা হয়েছে । মোট ১৬২ টি মনোনয়ন পত্রের মধ্যে শেষ খবর পাওয়া পর্যন্ত ১৫১ টি মনোনয়নপত্র বৈধ বলে জানা গেছে ।মনোনয়নপত্র পরীক্ষার তত্বাবধানে ছিলেন পর্যবেক্ষক রঞ্জিত স্বর্গিয়ারী , এলদাদ লালথাকুম ফাইরিয়েম , দীপক জিডুং এবং ডঃ খালেদা সুলতানা আহমেদ ।উল্লেখ্য আগামী ১৭ ই সেপ্টেম্বর মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন ।

--------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ হিন্দী দিবস উদযাপন করা হয়েছে । ১৯৪৯ সালের আজকের দিনটিতে সংবিধান সভা দেবনাগরি লিপিতে লেখা হিন্দী ভাষাকে দেশের সরকারী ভাষা হিসেবে গ্রহণ করেছিল । বর্তমান সময়ে বিশ্বের বহু লোক হিন্দী ভাষা ব্যবহার করা সহ ৫২ কোটিরও বেশী লোকের প্রথম ভাষা হচ্ছে হিন্দী ।কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের আজ নবী মুম্বাইয়ে ‘ষষ্ঠ সর্বভারতীয় রাজভাষা সম্মেলন এবং হিন্দী দিবস ২০২৬ ’কার্যসূচীর উদ্বোধনি অনুষ্ঠানে অংশগ্রহণ করার কথা রয়েছে ।গৃহ পরিক্রমা মন্ত্রনালয়ের অধীন সরকারী ভাষা বিভাগ দুদিনব্যাপী কার্যসূচির মাধ্যমে এই সম্মেলনের আয়োজন করেছে । সম্মেলনে বিভিন্ন ভারতীয় ভাষার সঙ্গে হিন্দী ভাষার সমন্বয় ছাড়াও সরকারী ভাষা , জনসাধারণের ভাষা এবং সংযোগী ভাষা হিসেবে হিন্দীর প্রসার সম্পর্কে বিভিন্ন ক্ষেত্রের বিশেষজ্ঞ , সাহিত্যিক , ভাষাবিদ , শিক্ষাবিদরা অংশগ্রহণ করবেন ।স্বরাষ্ট্রমন্ত্রী এই অনুষ্ঠানে ২০২৫-২৬ বর্ষের রাজভাষা গৌরব এবং রাজভাষা কীর্তি পুরস্কার প্রদান করবেন ।স্বরাষ্ট্রমন্ত্রী হিন্দী দিবস উপলক্ষে এক বার্তায় বলেন যে হিন্দী হচ্ছে জাতীয় ঐক্য বজায় রাখার মাধ্যম ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দিক দর্শনে হিন্দী এবং অন্যান্য ভাষা সমুহ প্রযুক্তিগত উন্নয়নের স্বর্ণযুগে প্রবেশ করেছে বলেও তিনি মন্তব্য করেন ।

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং হিন্দী দিবস উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন ।সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী সিং বলেন যে হিন্দী শুধু একটি ভাষা নয় হিন্দী দেশের সংস্কৃতি , সভ্যতা এবং জীবনের মূল্যবোধের প্রতিফলন ।
রাজ্যের বিভিন্ন প্রান্তেও আজ হিন্দী দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচি পালন করা হয়েছে।

---------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর ভ্যালি ভিউ এবং রিদম এন্ড রিড হাব সংস্থার যৌথ উদ্যোগে শিলচর ইটখোলায় আজ বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে হিন্দী দিবস পালন করা হয়েছে ।কার্যসূচীর মধ্যে ছিল দেশাত্মবোধক নৃত্য , সঙ্গীত , আবৃত্তি , যোগাসন প্রদর্শন ইত্যাদি ।

---------------------------------------------------------------------------------------

দেশের বিভিন্ন প্রান্তের সঙ্গে আসামেও আজ ধর্মীয় রীতি-নীতি ও উৎসাহ উদ্দীপনায় সিদ্ধিদাতা গণেশের পূজা অর্চনা করা হয়েছে । এ উপলক্ষ্যে রাজ্যের বিভিন্ন প্রান্তের গণেশ মন্দিরসমূহ সাজিয়ে তোলা হয়েছে । গণেশ চতুর্থী উপলক্ষ্যে রাজ্যের গণেশ মন্দিরগুলিতে আজ সকাল থেকে  ভক্তপ্রাণ জনসাধারণের ভীড় পরিলক্ষিত হয়েছে । এই দিনটি ভগবান গণেশের জন্মদিন হিসেবে পালন করা হয় । ভগবান গণেশ হচ্ছেন জ্ঞান , সমৃদ্ধি ও সৌভাগ্যের প্রতীক ।

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ গণেশ চতুর্থী উপলক্ষ্যে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন । এক বার্তায় শ্রীমতি মূর্মূ বলেন যে ভগবান গণেশ হচ্ছেন জ্ঞান,সমৃদ্ধি ও পবিত্র সূচনার প্রতীক । গণেশ চতুর্থী মহোৎসব আমাদের জীবনে শক্তি ,জ্ঞান ও ইতিবাচক চিন্তা বয়ে আনে বলে রাষ্ট্রপতি উল্লেখ করেন ।তিনি বলেন যে এই পবিত্র উৎসব সকলকে নতুন সংকল্প নিয়ে প্রগতির পথে এগিয়ে যেতে অনুপ্রাণিত করে । রাষ্ট্রপতি ভগবান গণেশ প্রত্যেকের জীবনে সুখ ,শান্তি ,সুস্বাস্থ্য ও সমৃদ্ধি বয়ে নিয়ে আসার জন্য প্রার্থনা করেন ।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গণেশ চতুর্থী উপলক্ষ্যে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে একটি সংস্কৃত হিতউপদেশ শেয়ার করে প্রধানমন্ত্রী মোদী এই পবিত্র উৎসব প্রত্যেকের জীবনে নতুন শক্তি ও উদ্দীপনা জাগিয়ে তোলার কামনা করেন । সেইসঙ্গে তিনি গণেশ দেবতার আশীর্ব্বাদে সকল ক্ষেত্রে সফলতার সঙ্গে দেশ এগিয়ে যাবে বলে আশা প্রকাশ করেন ।

শ্রীভূমি জেলায় উৎসাহ উদ্দীপনার সঙ্গে সিদ্ধিদাতা গ্রুপের উদ্যোগে তৃতীয়বারের মতো গণেশ চতুর্থী উৎসব পালন করা হয়েছে । ধর্মীয় আচার অনুষ্ঠান ও ভক্তিমূলক

কর্মসূচীর মধ্য দিয়ে এই মহোৎসব সম্পন্ন হয় । অনুষ্ঠানে সংগঠনের সদস্য , ভক্তবৃন্দ এবং স্থানীয় লোকেরা অংশগ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------

স্বচ্ছতা হী সেবা --২০২৬ অভিযানকে সফল করে তুলতে আজ হাইলাকান্দিতে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । হাইলাকান্দির জেলা আয়ুক্তের কার্যালয়ের সম্মেলন কক্ষে জেলা পরিষদের মূখ্য কার্যবাহী আধিকারিক রুথ লিয়েনথাংয়ের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় এই অভিযান সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তুতি,কর্ম পরিকল্পনা এবং বিভিন্ন দপ্তর ও সংশ্লিষ্ট অংশীদারদের দায়িত্ব নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয় । এই অভিযানের আওতায় পরিচ্ছন্নতা , স্বাস্থ্যসম্মত পরিবেশ ,জনসচেতনতা বৃদ্ধি এবং সাধারণ মানুষের সক্রিয় অংশগ্রহণের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয় । সভায় বক্তব্য রাখতে গিয়ে জেলা পরিষদের মূখ্য কার্যবাহী আধিকারিক রুথ লিয়েনথাং সংশ্লিষ্ট আধিকারিক ও কর্মীদের

স্বচ্ছতা হী সেবা --২০২৬ অভিযানের কার্যসূচী যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশ দেন । এছাড়া সাধারণ মানুষের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে অভিযানের উদ্দেশ্য সফল করার জন্য সকলকে আন্তরিভাবে কাজ করার আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আগামী ১৭ ই সেপ্টেম্বর থেকে ১৭ ই সেপ্টেম্বর পর্যন্ত এক মাসব্যাপী স্বচ্ছতা অভিযান স্বচ্ছতা হি সেবা পালন করা হবে। এ উপলক্ষে শ্রীভূমি জেলা পরিষদের মুখ্য কার্যবাহী আধিকারিক মুন গগৈর পৌরহিত্যে আয়োজিত একটি পর্যালোচনা সভায় স্বচ্ছতা হি সেবা অভিযানের মাসব্যাপী কর্মসূচী নিয়ে আলোচনা করা হয়েছে। সভায় জানানো হয় যে আগামী ১৭ ই সেপ্টেম্বর স্বচ্ছতা হি সেবা অভিযানের অংগ হিসেবে প্রতিটি বাড়িতে সাফাই অভিযান চালানো হবে এবং স্বচ্ছতার সংকল্প নিয়ে একটি প্রদীপ প্রজ্জ্বলন করা হবে। ১৮ ই সেপ্টেম্বর স্বচ্ছ পাঠশালা ১৯ এবং ২০ সেপ্টেম্বর আবর্জনা প্রবণ এলাকায় সাফাই অভিযান পালন করা হবে। আগামী পয়লা অক্টোবর এক ঘন্টা একদিন এক সাথ কার্যক্রমে এক সাথে স্বেচ্ছায় শ্রমদান করা হবে।

---------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে দুটো পৃথক অভিযান চালিয়ে বিপুল পরিমানের সন্দেহযুক্ত হেরোইন এবং ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে । দুটো অভিযান থেকে প্রায় ১৪ কোটী টাকার ড্রাগস বাজেয়াপ্ত করা হয়েছে । পুলিশ সুত্রে জানানো হয়েছে যে গতকাল শিলচর থানার অর্ন্তগত রামনগর বাইপাস এলাকায় একটি ট্রাকে তল্লাশি চালিয়ে গাড়িটির গোপন চেম্বারের ১৫০টি সাবানের বাক্স থেকে এই

হেরোইনগুলি বাজেয়াপ্ত করা হয়েছে । পুলিশ জানিয়েছে জব্দ করা হেরোইনের বাজার মূল্য প্রায় ১৩ কোটী টাকা হবে । এই ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে লাইলাপুর ফ্রেঞ্চনগরের আব্দুল রহিম লস্কর নামের এক ব্যাক্তিকে আটক করা হয়েছে ।
অন্য দিকে কালাইন থানার অর্ন্তগত গুমড়া বাজার এলাকায় অভিযান চালিয়ে প্রায় দশ হাজার ইয়াবা টেবলেট বাজেয়াপ্ত করা হয়েছে যার বাজার মূল্য প্রায় এক কোটী টাকা হবে । দুটো ঘটনায় ড্রাগস জব্দ করার পাশাপাশি পুলিশ আইনী ব্যবস্থা গ্রহন করে ।

--------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ মাদক বিরোধী অভিযানে অসম-মেঘালয় সীমান্তের দিগরখাল চেক পোষ্টে পৃথক অভিযান চালিয়ে বিপুল পরিমান গাঁজা ও পোস্তদানা উদ্ধার করেছে । পুলিশ জানিয়েছে গতকাল গোপন সূত্রের খবরের ভিত্তিতে দিগরখাল চেক পোষ্টে একটি গাড়িতে তল্লাশি চালিয়ে ৩৭৯টি প্যাকেটে প্রায় ৩৫ কিলোগ্রাম গাঁজা উদ্ধার করা হয়েছে । গাঁজাগুলি কুরিয়ার সার্ভিসের কার্টুনের ভিতরে লুকিয়ে রাখা ছিল । ঘটনায় নলবাড়ির বাসিন্দা অরূপ কলিতা নামের এক ব্যাক্তিকে গ্রেপ্তার করা হয়েছে ।
এদিকে পুলিশ আজ দিগরখাল চেকপোষ্টে আরেকটি গাড়িতে অভিযান চালিয়ে ৬৯ বস্তা পোস্তদানা বাজেয়াপ্ত করেছে । পুলিশ সুত্রে জানা গেছে পোস্তদানাগুলি তেজপাতার বস্তার ভিতরে লুকানো ছিল । ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে পুলিশ গোয়ালপাড়ার বাসিন্দা বিপুল বড়ো এবং অরুন বড়োকে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

--------------------------------------------------------------------------------

উত্তর করিমগঞ্জের বিধায়ক জাকারিয়া আহমেদ আজ শ্রীভূমি পৌরসভার সদস্য হিসেবে শপথ গ্রহন করেছেন । পুরপতি রবীন্দ্র চন্দ্র দেব বিধায়ক শ্রীআহমেদকে শপথ বাক্য পাঠ করান । শপথ গ্রহনের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে বিধায়ক জাকারিয়া আহমেদ শহরের উন্নয়নে এক সঙ্গে কাজ করার অঙ্গীকার করেন ।

--------------------------------------------------------------------------------